




# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নং- বামাশিবো/প্রশাসন/চট্টগ্রাম-১৬১/ ৬০০৬

তারিখঃ ২৫.১১.২০১৮খ্রিঃ

বিষয়ঃ এমপিও বন্ধের সুপারিশসহ কেন আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং- ০৫.৪২.১৫০০.৬০৩.৫১.০২৪.১৮.৮৬৫; তারিখঃ ১১ অক্টোবর ২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আপনি জনাব আব্দুর রহিম (ইনডেক্স নং- ৩০৯৪৭৯) চট্টগ্রাম জেলার সাতকানিয়া উপজেলাধীন মির্জাখীল আনোয়ারে রহমানিয়া আদর্শ দাখিল মাদ্রাসায় সহকারী শিক্ষক পদে কর্মরত আছেন। আপনার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, চট্টগ্রাম কর্তৃক সূত্রে উল্লিখিত স্মারকে প্রতিবেদনসহ একটি পত্র বোর্ডে প্রেরণ করা হয়েছে। প্রেরিত পত্র ও প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, ২০১৮ সালের দাখিল পরীক্ষার্থী মোহাম্মদ মিজবাহ উদ্দিন জুনাইদ (রোল নং- ২৫৬০৪৬, রেজিস্ট্রেশন নং- ১৫১৮৭২০৩২৯, সেশন- ২০১৬-১৭) এর ইসলামের ইতিহাস এবং বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের নৈর্ব্যক্তিক উত্তরপত্র আপনি জালিয়াতির মাধ্যমে নষ্ট করেছেন মর্মে আনীত অভিযোগের সত্যতা পাওয়া গিয়েছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় এহেন কার্যকলাপ পাবলিক পরীক্ষা (অপরাধ) আইন-১৯৮০ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ হওয়ায় এমপিও বন্ধের সুপারিশসহ কেন আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক .....(.....) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
22-11-18

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ জনাব আব্দুর রহিম (ইনডেক্স নং- ৩০৯৪৭৯)

সহকারী শিক্ষক

মির্জাখীল আনোয়ারে রহমানিয়া আদর্শ দাখিল মাদ্রাসায়, সাতকানিয়া, চট্টগ্রাম।

স্মারক নং- বামাশিবো/প্রশাসন/চট্টগ্রাম-১৬১/

তারিখঃ ১১.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, চট্টগ্রাম।
২. উপজেলা নির্বাহী অফিসার, সাতকানিয়া, চট্টগ্রাম।
৩. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
৪. সভাপতি, মির্জাখীল আনোয়ারে রহমানিয়া আদর্শ দাখিল মাদ্রাসায়, সাতকানিয়া, চট্টগ্রাম।
৫. সুপার, মির্জাখীল আনোয়ারে রহমানিয়া আদর্শ দাখিল মাদ্রাসায়, সাতকানিয়া, চট্টগ্রাম।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪